দৈনিক সংবাদ

তারিখ ... 10 JUL 1990
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 2 ...

97 (৪৬)

# প্রশ্নপত্র ফাঁস রোধে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে

(নিজস্ব বার্তা পরিবেশক)

এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় রাষ্ট্রপতি উদ্বেগ প্রকাশ করেছেন। এ পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রী

( ১১-এর পাতায় দেখুন )

এইচ এস সি পরীক্ষা

## রাষ্ট্রপতির উদ্বেগ

(১ম পাতার পর)

সাত দিন সময় নিয়ে বলেছেন, প্রশ্নপত্র ফাঁস রোধের উপায়সম্বলিত প্রস্তাব পেশ করা হবে।

গত মঙ্গলবার রাতে রাষ্ট্রপতির বাসভবনে উচ্চপর্যায়ের এক বৈঠক অনুষ্ঠিত হয়। এতে প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ, পররাষ্ট্রমন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ, পাটমন্ত্রী শেখ শহীদুল ইসলাম, শিক্ষা মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ (এর মধ্যে নোয়াখালীতে প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় তদন্তরত শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্মসচিবকে ডেকে আনা হয়) ও দু'জন জেলা প্রশাসক উপস্থিত ছিলেন। বৈঠকে রাষ্ট্রপতি এরশাদ প্রশ্নপত্র ফাঁসের ব্যাপারে উদ্বেগ প্রকাশ করে জানতে চাইলে জানানো হয় যে, বুঝা যাচ্ছে না কোথেকে ফাঁস হচ্ছে। রাষ্ট্রপতি প্রশ্নপত্র ফাঁস রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার ব্যাপারে মতপ্রকাশ করলে প্রধানমন্ত্রী জানান যে, সাত দিনের মধ্যে পরীক্ষা-নিরীক্ষা করে এতদসংক্রান্ত প্রস্তাব পেশ করা হবে।